**পল্লী সঞ্চয় ব্যাংক**
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

নং পসব্য/প্রকা/প্রশা-১(২)/২০১৮-১৯/ ৫০৪০ (২৯৮)

তারিখ ঃ ০৪/০৪/২০১৯ খ্রি.

Roll No. 332515
TASLIMA AKTHER
Son of MD. MAZHARUL ISLAM
Mymensingh,MD. ROKIBUL HASAN RASEL,
Purura, Mymensingh, Bhalukna,Purura'
2240

বিষয় ঃ <u>পল্লী সঞ্চয় ব্যাংক-এ ক্যাশ সহকারী পদে (বেতনক্রম টাকা ১০,২০০-২৪,৬৮০/-) নিয়োগপত্র।</u>

আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক এর ক্যাশ সহকারী পদে নিম্নবর্ণিত শর্তে নিয়োগপত্র প্রদান করা হলো ঃ

১. জাতীয় বেতনস্কেল, ২০১৫ (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) এর ১৪নং গ্রেডে বেতনক্রম টাকা ১০২০০-১০৭১০-১১২৫০-১১৮২০-১২৪২০-১৩০৫০-১৩৭১০-১৪৪০০-১৫১২০-১৫৮৮০-১৬৬৮০-১৭৫২০-১৮৪০০-১৯৩২০-২০২৯০-২১৩১০-২২৩৮০-২৩৫০০-২৪৬৮০/-তে আপনার প্রারম্ভিক মাসিক বেতন হবে টাকা ১০২০০/- (দশ হাজার দুইশত) টাকা এবং প্রযোজ্য অন্যান্য ভাতা ও আর্থিক সুবিধাদি বিধি মোতাবেক যোগদানের তারিখ হতে প্রদেয় হবে;

২. আপনার পূর্ব কার্যকলাপ সম্পর্কে চলমান পুলিশ ভেরিফিকেশন অন্তে কোনরুপ বিরুপ মন্তব্য, আবেদনে উল্লিখিত তথ্যাদি ও স্থায়ী ঠিকানা সম্পর্কে কোন গড়মিল পাওয়া গেলে সরাসরি এ নিয়োগ বাতিল করা হবে এবং ব্যাংক থেকে পরিশোধিত আর্থিক সুবিধাদি আপনার নিকট হতে আদায় করা হবে; যোগদানকালে এ মর্মে ৩০০/- টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে;

৩. উক্ত পদে আপনার শিক্ষানবিশিকাল যোগদানের তারিখ হতে ১ (এক) বছর হবে; শিক্ষানবিশিকাল বর্তমানে বিদ্যমান পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা অনুযায়ী পরিচালিত হবে। ভবিষ্যতে চাকরী প্রধানমালায় কোনরুপ পরিবর্তন হলে তাও আপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে। সন্তোষজনকভাবে শিক্ষানবিশকাল অতিক্রান্ত হলে ব্যাংকের প্রচলিত নিয়ম/বিধি অনুসরণ পূর্বক চাকরিতে স্থায়ীকরণ করা হবে;

৪. শিক্ষানবিশিকালে উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এক মাসের নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের মূল বেতন প্রদান করে আপনার চাকরির অবসান ঘটাতে পারবেন এবং চাকরি অবসানের কারণে আপনি কোন প্রকার ক্ষতিপূরণ পাবেন না;

৫. আপনার চাকুরী ব্যাংকের প্রচলিত চাকরি প্রবিধান/বিধি/নিয়ম/সময় সময় জারীকৃত পরিপত্র ও প্রশাসনিক আদেশাবলী দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে;

৬. আপনাকে বাংলাদেশের অভ্যন্তরে/বাইরে (যদি থাকে) ব্যাংকের যে কোন অফিস/শাখায় নিয়োগ ও বদলী করা হতে পারে। ব্যাংকে চাকরিরত অবস্থায় আপনাকে যে কোন সরকারী বিভাগ অথবা ব্যাংকের আওতাধীন যে কোন প্রতিষ্ঠানে কাজ করতে হতে পারে;

৭. কর্মচারীদের কল্যাণার্থে ব্যাংক কর্তৃক গঠিত সাধারণ ভবিষ্য/বদান্য/অন্যান্য তহবিলে ব্যাংকের নিয়ম মোতাবেক আপনাকে চাঁদা প্রদান করতে হবে;

৮. আপনি ব্যাংকের চাকরিতে যোগদানের জন্য টিএ/ডিএ বা অন্য কোন প্রকার ভাতা প্রাপ্য হবেন না;

৯. চাকুরীতে যোগদানের পর নিম্নবর্ণিত ক্ষেত্রে আপনার যোগ্যতার ঘাটতি ধরা পড়লে বা চাহিদাকৃত কাগজ পত্রাদির ঘাটতি থাকলে বা কোন গুরুতর ভুলত্রুটি পরিলক্ষিত হলে আপনার নিয়োগপত্র বাতিল হবে;

(ক) আপনি মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনিদের কোটায় নিয়োগপ্রাপ্ত হয়ে থাকলে যোগদানের পরবর্তীতে আপনার পিতা/মাতা/দাদা/দাদী/নানা/নানীর অনুকূলে ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে ১(এক) বছরের মধ্যে চুড়ান্তভাবে প্রত্যয়ন না পাওয়া গেলে এ নিয়োগ বাতিল হবে;

(খ) উপজাতী/প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি কোটায় নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের দাখিলকৃত সনদের সত্যতা যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে যাচাই সাপেক্ষে এ নিয়োগ নিয়মিত হবে। দাখিলকৃত সনদ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সঠিক মর্মে প্রত্যায়িত না হলে এ নিয়োগ বাতিল হবে;

(গ) প্রতিবন্ধী কোটায় চাকরীপ্রাপ্ত প্রার্থীকে মেডিকেল বোর্ড/সিভি সার্জনের নিকট হতে প্রতিবন্ধী বিষয়ক সনদপত্র পুনরায় সংগ্রহ করতে হবে। প্রতিবন্ধী প্রমানে ব্যর্থদের নিয়োগ সরাসরি বাতিল করা হবে;

১০. ব্যাংকের চাকুরীতে যোগদানের সময় যোগদানপত্রের সঙ্গে আপনাকে নিম্নোক্ত কাগজ/সনদপত্র জমা দিতে হবে ঃ

১) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র সমূহসহ ঐ সকল মূল সনদপত্রের ৩ প্রস্থ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রতিলিপি। মুক্তিযোদ্ধা সন্তান/নাতি/নাতনীদের ক্ষেত্রে তাদের পিতা/মাতা/দাদা/দাদী/নানা/নানীর অনুকূলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূল সনদপত্র এবং উপজাতী/প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূল সনদপত্রসহ মূল সনদের ৩ প্রস্থ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রতিলিপি। সকল প্রকার সনদ পত্রের মূল কপির সঠিকতা যাচাই কার্যক্রম সম্পন্ন করে ফেরৎ দেয়া হবে;

২) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত রঙ্গিন ছবি;

৩) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি;

৪) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌর মেয়র/কাউন্সিলর/কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট। আপনার আত্মীয় নহেন এমন ২ (দুই) জন প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা অথবা রাষ্ট্রায়াত্ব ব্যাংক/স্বায়ত্বশাসিত বা আধা-সরকারী প্রতিষ্ঠানের ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

৫) সংশ্লিষ্ট সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্যগতভাবে উপযুক্ততার প্রত্যয়নপত্র;

৬) ব্যাংকের নির্দিষ্ট ছকে বিশ্বস্ততা এবং গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র;

৭) আপনি অন্য কোন প্রতিষ্ঠানের চাকরিরত থাকলে ঐ প্রতিষ্ঠানের নিয়োগকর্তা কর্তৃক প্রদানকৃত ছাড়পত্র;

৮) চাকরিতে যোগদানের সময় আপনাকে নগদ ২০০০০/- (বিশ হাজার) টাকা জামানত হিসাবে পল্লী সঞ্চয় ব্যাংকে জমা দিতে হবে যা ভবিষ্যতে ফেরৎযোগ্য এবং কোন সম্মানিত/বিত্তবান ব্যক্তির নিকট হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার নিশ্চয়তা বন্ড জমা দিতে হবে;

৯) নিয়োগপত্রে প্রদত্ত শর্তাবলী সম্পর্কে সম্মত হলে এ মর্মে ০১ (এক) টি অঙ্গীকারনামা।

১১. উপরোক্ত শর্তাবলীতে ব্যাংকের চাকুরীতে নিয়োগের অত্র প্রস্তাব আপনার নিকট গ্রহণযোগ্য হলে আপনাকে উপরিল্লিখিত প্রমাণপত্র ও সনদপত্রসহ আগামী ১৭/০৪/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় পল্লী সঞ্চয় ব্যাংকের আয়োজিত প্রশিক্ষণ স্থানঃ সমবায় ভবন, সিভিক সেক্টর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় যোগদান পত্র দাখিল করতে হবে।

১২. উক্ত তারিখে আপনি চাকুরীতে যোগদান করতে ব্যর্থ হলে এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে ।

আপনার বিশ্বস্ত

(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)
ফোন নং ৯৩৫৯০৮৩
ফ্যাক্স নং ৯৩৪৮২০৬
headoffice@pallisanchaybank.gov.bd

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

১) চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
২) স্টাফ অফিসার টু পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩) বেতন শাখা, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪) ব্যক্তিগত নথি।
৫) নথি।

(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক